গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# পীরগঞ্জ সরকারি কলেজ

পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

*Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com*

অধ্যক্ষ ফোন : ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল : ০১৭৪০-৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫, উপাধ্যক্ষ ফোন : ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং-৯০ তারিখ : ২১/০১/২০২৫ খ্রি

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তিঃ

পীরগঞ্জ সরকারি কলেজ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও-এ নিম্নলিখিত বিষয়সমূহে ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত স্মারক নং: ১০(২২৬)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকা:/২০২৫ /৩০৮৭ ; তারিখঃ ২০/০১/২০২৫ খি. এর শর্তসাপেক্ষে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হতে অনলাইনে প্রাথমিক আবেদন আহবান করা যাচ্ছে।

**বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান এবং প্রাণিবিদ্যা।**

১। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতাঃ

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি /সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| (i) | মানবিক / ব্যবসায় শিক্ষা শাখা<br>ও<br>বাংলাাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৫.৫ |
| (ii) | বিজ্ঞান শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.৭৫ | ২.৫ | ৬.০ |

২। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচিঃ

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ | ২১/০১/২০২৫<br>থেকে<br>২৮/০২/২০২৫ |
| খ) | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি (বিকাশ চার্জসহ) বাবদ ৭১০/- (সাতশত দশ) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে) জমা দেওয়ার তারিখ | ২২/০১/২০২৫<br>থেকে<br>০২/০৩/২০২৫ |

৩। বিকাশ অ্যাপের মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমাদানের পদ্ধতি (বিকাশ অ্যাপ ছাড়া পেমেন্ট করা যাবে না।):

১। আপনার বিকাশ অ্যাপে লগ-ইন করুন।

২। Home Scren থেকে Payment Select করুন।

৩। Merchant Number (01740473493) দিন এবং পরের ধাপে যান।

৪। টাকার পরিমাণ 710 Type করুন।

৫। পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং আপনার Payment Reference এ H1PA (স্পেস) জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application Form-এ প্রদত্ত Roll নম্বর (স্পেস) আবেদনকারীর মোবাইল নম্বর দিন।

উদাহরণ: H1PA 7894567 017396xxxxxxx

Code Roll Mobile No

২১/০১/২০২৫

৬। আপনার বিকাশ PIN নম্বর দিন।

৭। Payment সম্পন্ন করার জন্য "Tape and Hold to Make Payment" চেপে ধরে Payment সম্পন্ন করুন।

৮। Payment এর ২ কপি স্ক্রিন শট প্রিন্ট করুন।

৪। **ভর্তি পরীক্ষার কেন্দ্রঃ** জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্বাচন করবে। আবেদনকারীর প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার কেন্দ্রের নাম উল্লেখ থাকবে।

৫। **ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোডঃ** ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের ০৭ দিন পূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপসন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৬। **কাগজপত্র জমাদানঃ** বিকাশ পেমেন্টের প্রিন্ট কপি ও প্রাথমিক অনলাইন আবেদন ফরম এর প্রিন্ট কপি কলেজের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৭। **ভর্তি পরীক্ষায় নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্যঃ**

| উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয় | বাংলা | ইংরেজি | বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান | বিষয়ভিত্তিক নম্বর বন্টন | MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর | এস.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয়সহ) | এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয়সহ) | সর্বমোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান শাখা | ২০ | ২০ | ১০ | পদার্থবিজ্ঞান-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬ | ১০০ (ভর্তি পরীক্ষায় পাশ নম্বর হবে ৩৫) | ৪০ | ৬০ | ২০০ |
| মানবিক/গার্হস্থ্য অর্থনীতি শাখা | ২৫ | ২৫ | ১০ | ৪×১০ =৪০ (উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয়ের মধ্যে যে কোন চারটি বিষয়) | | | | |
| ব্যবসায় শিক্ষা শাখা | | | | হিসাব বিজ্ঞান-২০, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২০ | | | | |

## বিশেষ সতকর্তা :

উল্লেখিত আবেদন ফি ৭১০/- টাকার কম Payment করলে কিংবা Payment Reference এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের Application Form-এ প্রদত্ত Roll নম্বর এবং আবেদনকারীর মোবাইল নম্বর না দিলে/ভুল দিলে আবেদন ফরম নিশ্চায়ন সংক্রান্ত কোনরূপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। উল্লেখ্য, কলেজের মোবাইল মার্চেন্ট নম্বরে ভুল করে কেউ টাকা Payment করলে তা ফেরৎ প্রদানের কোন সুযোগ নাই। **তাই সতকর্তার সাথে Payment সম্পন্ন করতে হবে এবং Payment সম্পন্নের পর প্রাপ্ত ম্যাসেজ অবশ্যই আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।**

## বিশেষ দ্রষ্টব্য:

(১) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সমাস) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিয়/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

(২) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(৩) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়ার পর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও নির্দেশনা কলেজ নোটিশ বোর্ডে ও কলেজের নিজস্ব ওয়েবসাইটে (***www.pirganjgc.edu.bd***) এবং ফেইসবুক পেইজে (Pirganj Govt. College, Thakurgaon) প্রকাশ করা হবে।

(৪) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (**www.nu.ac.bd/admissions**) Honours অপশনে গিয়ে **Honours Admission Guideline** লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

(৫) ভর্তি সংক্রান্ত জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত সকল সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(৬) শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও **HSC** পরীক্ষর রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে।পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেক্ট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না

২১/০১/২৫

(প্রফেসর মো: বদরুল হুদা-৫৯৬৭)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ,
ঠাকুরগাঁও।

২১/০১/২০২৫


প্রয়োজনে যোগাযোগ:

০১৬৩৯-১৯৪৩৫০ ( জনাব মো. আমিনুর রহমান, প্রভাষক ও সদস্য, ভর্তি কমিটি )

০১৭৭৩-৪৯৭৩২২ ( জনাব ফনীন্দ্র নাথ বর্মন, প্রভাষক ও সদস্য, ভর্তি কমিটি

০১৭১২-৪৯৮১১৪ (জনাব মো. একরামুল হক,সহযোগী অধ্যাপক ও আহবায়ক,ভর্তি কমিটি)